

স্মারক নং ৫৬.০৪.৯১২৭.০০০.০০০.০৭.০০০১.২৬-২৭

তারিখঃ ০৩ মার্চ ২০২৬ খ্রিঃ

### কোটেশন বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়, বিয়ানীবাজার, সিলেট-এর দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ০১ (এক) টি ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের নিমিত্তে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নস্ব প্যাডে নিম্নোক্ত শর্ত মোতাবেক কোটেশন আহবান করা যাচ্ছেঃ

ক্রম	পণ্যের নাম	ফিচার	পরিমাণ	ওয়ারেন্টি
০১	ডেস্কটপ কম্পিউটার	ডেস্কটপ কম্পিউটার বিস্তারিত স্পেসিফিকেশন (সংযুক্ত)	০১ (এক) টি	সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী

#### শর্তাবলীঃ

- বিস্তারিত বিবরণ সম্বলিত কোটেশন সিডিউল সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়, কোম্পানীগঞ্জ, সিলেট এর দপ্তর হতে সরবরাহ করা যাবে।
- কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ০৪/০৩/২০২৬ খ্রিঃ হতে ১২/০৩/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত জমা প্রদান করা যাবে এবং ১৩/০৩/২০২৬ খ্রিঃ দুপুর ০২.০০ ঘটিকায় টেন্ডার উন্মুক্ত ও মূল্যায়ন কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে প্রাপ্ত কোটেশন উন্মুক্ত করে মূল্যায়নের নিমিত্ত উপস্থাপন করা হবে।
- কোটেশনের সাথে হালনাগাদকৃত ড্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র এবং সম্প্রতি ইস্যুকৃত ব্যাংক সলভেন্সি সনদপত্রের কপি দাখিল করতে হবে। এছাড়াও স্পেসিফিকেশনের সহিত চাহিত অন্যান্য ডকুমেন্টস সরবরাহ করতে হবে।
- কার্যাদেশ প্রাপ্তির অনূর্ধ্ব ১০ (দশ) দিনের মধ্যে বর্ণিত ডেস্কটপ কম্পিউটার সরবরাহ করতে হবে।
- সরবরাহকৃত যন্ত্রে কোন প্রকার সমস্যা/ত্রুটি দেখা হলে নিজ খরচে ত্রুটিমুক্ত অথবা প্রয়োজনে সম্পূর্ণ নতুনভাবে সরবরাহ করতে হবে, তজ্জন্য নতুন কোন বিল দাখিল করা যাবে না।
- ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি কোটেশন দলিলে বিকল্প দর প্রদান করতে পারবেন।
- প্রচলিত হারে আয়কর, ভ্যাট, ইত্যাদি কর্তন পূর্বক হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে নগদ/ইস্যুকৃত চেকের মাধ্যমে দাবীকৃত বিল পরিশোধ করা হবে। এজন্য দ্রব্যাদি সরবরাহ সংক্রান্ত ০২ কপি চালান ও বিল (মূলকপি) দাখিল করতে হবে।
- বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে Purchase Order প্রদান এবং বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

মোহাম্মদ নাঈম হাসান

সহকারী প্রোগ্রামার

উপজেলা আইসিটি অফিস, কোম্পানীগঞ্জ, সিলেট

ও

সভাপতি, ডেস্কটপ ক্রয় কমিটি

স্মারক নং ৫৬.০৪.৯১২৭.০০০.০০০.০৭.০০০১.২৬-২৭(০৭)

তারিখঃ ০৩ মার্চ ২০২৬ খ্রিঃ

#### সদয় অবগতি/অবগতি ও কার্যার্থেঃ

- উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
- প্রোগ্রামার (অঃদাঃ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, সিলেট।
- ..... সদস্য, ডেস্কটপ কম্পিউটার ক্রয় কমিটি।
- উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
- সরবরাহকারী প্রতিষ্ঠান.....।
- নোটিশবোর্ড ও ওয়েবসাইট, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়, কোম্পানীগঞ্জ, সিলেট।
- অফিস কপি।